



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

(রেজিস্ট্রেশন শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং-বাকাশিবো/প্রঃ(রেজিঃ)/২০১৬/০৩

তারিখঃ ২৯/১১/২০১৬খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের ২০১৬-১৭ সেশনে ভর্তিকৃত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে পরিচালিত প্রকৌশল ডিপ্লোমা শিক্ষাক্রমের শিক্ষার্থীদের অন-লাইন রেজিস্ট্রেশনের সময় যাদের ছবি সন্নিবেশিত করা হয় নাই তাদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ড থেকে প্রদান করা হবে না।

সেই সকল শিক্ষার্থীদের কেবলমাত্র ছবি সংযোজনের জন্য ০৩/১২/২০১৬ইং তারিখ হতে ০৫/১২/২০১৬ইং তারিখ পর্যন্ত সার্ভার খুলে দেওয়া হবে। জরুরী বিবেচনায় অন-লাইন রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের উল্লিখিত সময়ের মধ্যে ছবি সংযোজনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হলো। প্রতিষ্ঠানের কাছে সংরক্ষিত রেজিস্ট্রেশনের প্রিন্ট আউট কপিতেই দেখা যাবে প্রতিষ্ঠান কর্তৃক কোন শিক্ষার্থীদের ছবি সংযোজন করা নাই।

## বিষয়টি জরুরী।

স্বাক্ষরিত/-

(মোঃ নায়েব আলী মন্ডল)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড

ঢাকা-১২০৭

ফোনঃ ৯১১৫৪২৮

তারিখঃ ২৯/১১/২০১৬খ্রিঃ

স্মারক নং-বাকাশিবো/প্রঃ (রেজিঃ)/০৩(১৩)

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা- ১২০৭।
- ০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।
- ০৭। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৮। প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৯। কারিকুলাম বিশেষজ্ঞ (স্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অধ্যক্ষ/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান.....
- ১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নূর-এ-ইলাহী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ও

উপ-সচিব (রেজিঃ) দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।